

# Visit of H. E. Dr. Hossein Amir Abdollahian, Foreign Minister of the Islamic Republic of Iran to India (June 08-10, 2022)

June 08, 2022

## ইসলামিক প্রজাতন্ত্র ইরানের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ হোসেইন আমির আবদোল্লাহিয়ানের ভারত সফর( জুন 08-10, 2022) জুন 08, 2022

বিদেশমন্ত্রী (ইএম) ড জয়শংকরের আমন্ত্রণে ইসলামিক প্রজাতন্ত্র ইরানের বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি ডঃ হোসেইন আমির আবদোল্লাহিয়ান 08 থেকে 10 ইজুন 2022 - এ ভারতে একটি সরকারি সফরে রয়েছেন। 2021 -এর অগস্ট মাসে তিনি তার অফিসের ভার গ্রহণের পরে এটাই হিজ এক্সেলেন্সি ডঃ হোসেইন আমির আবদোল্লাহিয়ানের এটাই প্রথম ভারত সফর।

2. ভারত এবং ইরান ঐতিহাসিক ও সভ্যত্যাগত নিবিড় সম্পর্কের শরিক। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক প্রতিষ্ঠানগত, সাংস্কৃতিক এবং জনগণের সাথে জনগণের বন্ধন ব্যাপী দৃঢ় যোগসূত্রের দ্বারা চিহ্নিত হয়ে আছে।

3. প্রতিনিধি স্তরীয় আলোচনার সময় দুই মন্ত্রী রাজনৈতিক, সাংস্কৃতিক এবং জনগণের সাথে জনগণের বন্ধন সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করেছেন। বিদেশমন্ত্রী ইরানে বসবাসকারী আফগান জনগণকে কোভিড 19 ভ্যাকসিন সরবরাহ সহ, আফগানিস্তানে ভারতের চিকিৎসা সহযোগিতা পাঠানোতে সুবিধা প্রদানে ইরানের ভূমিকার প্রশংসা করেন।

4. উভয়পক্ষ আঞ্চলিক সংযোগ ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতার তাৎপর্যকে স্বীকার করেছেন এবং চাবাহার বন্দরে শহীদ বাহেস্তি টার্মিনালের অগ্রগতির পর্যালোচনা করেছেন। উভয়পক্ষ সম্মত হয়েছে যে চাবাহার বন্দর স্থলবেষ্টিত আফগানিস্তানে অতি প্রয়োজনীয় সমদ্র অভিগম্যতা প্রদান করেছে এবং মধ্য এশিয়া সহ এই অঞ্চলের জন্য একটি বাণিজ্যিক ট্রানজিট হাব হিসেবে আবির্ভূত হয়েছে। তারা চাবাহার বন্দরের উন্নয়নের জন্য সহযোগিতা বজায় রাখার জন্য তাদের অঙ্গীকারকে পুনরায় নিশ্চিত করেছেন। কার্যকারিতার দিকগুলিকে সমাধান করার জন্য উভয় দেশের দল শীঘ্রই বৈঠক করবে।

5. মন্ত্রীরা আফগানিস্তানসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সমস্যাগুলি নিয়ে আলোচনাও করেছেন এবং দুইপক্ষ আফগানিস্তানের জনগণের জন্য মানবিক সহায়তা প্রদানের গুরুত্বকে পুনরায় সুনিশ্চিত করেছেন। তারা শান্তিপূর্ণ, সুরক্ষিত এবং স্থিতিশীল আফগানিস্তানের প্রয়োজনে একটি প্রতিনিধিত্ব মূলক ও অন্তর্ভুক্তিমূলক প্রয়োজনীয়তার কথা পুনরায় ব্যক্ত করেছেন।

6. ইরানের বিদেশমন্ত্রী জেসিপিওএ সঙ্কলিত বর্তমান পরিস্থিতি সম্পর্কে ইএমকে অবহিত করেছেন। দুইমন্ত্রী ইরানের সংঘাত এবং এর প্রতিক্রিয়া নিয়ে মত বিনিময়ও করেছেন।

7. ইরানের বিদেশমন্ত্রী তার সফরকালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে সাক্ষাৎ করেছেন এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টা শ্রী অজিত কুমার ডভালের সাথে বৈঠকও করেছেন।

নিউ দিল্লি

জুন 08, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release